

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও শৃঙ্খলা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.minland.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.৫.০০১.১৭.১০

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৬

১৫ জুলাই ২০১৯


বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সংক্রান্ত
প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের জুন-২০১৯ মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট: (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে					
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
০৭	০০	০৭	০৭	-	০০	
				(০১) দৈনিক আমাদের কণ্ঠ পত্রিকায় 'যেখানে দুর্নীতিই নীতি অনিয়ম নিয়ম' শীর্ষক পেপার কিব্লিং-এ বর্ণিত অভিযোগের বিষয়ে তদন্ত করে ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য জেলা প্রশাসক, গাজীপুরকে অনুরোধ করা হয়েছে।		

				(০২) সচিব মহোদয় কর্তৃক গত ২৯/০৫/২০১৯ তারিখ লালবাগ রাজস্ব সার্কেল ভূমি অফিস পরিদর্শনকালে উক্ত অফিসের কানুনগো জনাব এইচ এম মেজবাহ উদ্দিনের ব্যক্তিগত মোবাইল ফোনের সকাল ১১.০১ ঘটিকায় ০২.১৮ মিনিটের কথাবাতায় অবৈধ লেনদেনের বিষয়ে ক) কানুনগো জনাব এইচ এম মেজবাহ উদ্দিনকে সাময়িক বরখাস্তের আদেশ জারি করা; খ) একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা গ) বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা এবং ঘ) গৃহীত ব্যবস্থাদির প্রতিবেদন ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক, ঢাকাকে অনুরোধ করা হয়েছে।		
				(৩) সচিব মহোদয় কর্তৃক গত ২৯/০৫/২০১৯ তারিখ মিরপুর রাজস্ব সার্কেল ভূমি অফিস পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী ভূমি সেবার মানোন্নয়ন এবং শতভাগ E-mutation কার্যক্রম নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, ঢাকাকে অনুরোধ করা হয়েছে।		
				(০৪) কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলাধীন সদর ইউনিয়ন ভূমি অফিসের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা জনাব মোঃ নুরুল আমিন-এর বিরুদ্ধে ৮০.৫৭ একর খাস জমি বেহাতকরন বিষয়ে (ক) সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা জনাব মোঃ নুরুল আমিনকে সাময়িক বরখাস্ত করা; খ) তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা; গ) বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা; এবং ঘ) সরকারের ৮০.৫৭ (আশি দশমিক পাঁচ সাত) একর খাস জমি অন্তর্ভুক্তির ডুয়া খতিয়ান ও ০২ নং তৌজি/হোল্ডিং বাতিল করত: সরকারি খাস জমি ০১নং খতিয়ানভুক্ত করে সরকারের নিয়ন্ত্রণে আনয়ন এবং ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন আকারে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়েছে।		

			(৫) কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলাধীন সদর ইউনিয়ন ভূমি অফিসের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা জনাব মোঃ নুরুল আমিন-এর বিরুদ্ধে ৮০.৫৭ একর খাস জমি বেহাতকরন সংক্রান্ত বিশেষ প্রতিবেদনের সুপারিশের আলোকে কুড়িগ্রাম জেলার শাখাহাতী মৌজার বেহাত হওয়া বর্ণিত ৮০.৫৭ একর খাস জমি সরকারি ০১ নং খতিয়ানভুক্ত করে সরকারের নিয়ন্ত্রণে আনার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয়ের খাস জমি-১ শাখাকে ইউ.ও নোটের মাধ্যমে অনুরোধ করা হয়েছে।		
			(৬) কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলাধীন সদর ইউনিয়ন ভূমি অফিসের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা জনাব মোঃ নুরুল আমিন-এর বিরুদ্ধে ৮০.৫৭ একর খাস জমি বেহাতকরন সংক্রান্ত বিশেষ প্রতিবেদনটির ছায়াপিপি তদন্তপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করা হয়েছে। (৭) জনাব মোঃ ফিরোজ খান্নুন, যুগ্মসচিব (অবঃ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, স্থায়ী ঠিকানা-গ্রাম: আটঠোকা, পোঃ চাঁদপুর, উপজেলা+জেলা: জয়পুরহাট। বর্তমান ঠিকানা-ভবন নং ০৬, ফ্ল্যাট নং-ডি/১, গভঃ অফিসার্স কমপ্লেক্স, সেকশন-২, মিরপুর-২, ঢাকা কর্তৃক দাখিলকৃত আবেদনের বিষয়ে তদন্ত করে ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলা প্রশাসক, জয়পুরহাটকে অনুরোধ করা হয়েছে।		



১৫-৭-২০১৯

মোঃ মজিবুর রহমান

অতিরিক্ত সচিব

ফোন: ০২৯৫৪৬৫১০

ইমেইল:

mojiburrahman3680@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ সচিব এর দপ্তর
মন্ত্রিপরিষদ বিভাগ


দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.৫.০০১.১৭.১০/১(৩)

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৬
১৫ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, প্রশাসন-১, ভূমি মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়
- ৩) সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, ভূমি মন্ত্রণালয় (পত্রটিকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হ'ল)



১৫-৭-২০১৯

মোঃ মজিবর রহমান
অতিরিক্ত সচিব